

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

আবশ্যিক

এই বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :

শিক্ষক পদ

১। গণিত বিভাগ

চঃ ২৫৭৫০-৩৩৭৫০/- বেতন স্কেলে সহযোগী অধ্যাপক-এর ১(এক)টি স্থায়ী পদ।

২। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ

চঃ ১৮৫০০-২৯৭০০/- বেতন স্কেলে স্থায়ী উচ্চতর পদ (সহযোগী অধ্যাপক)-এর বিপরীতে সহকারী অধ্যাপক-এর ২ (দুই)টি স্থায়ী পদ।

কর্মকর্তা পদ

১। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ

চঃ ১৮৫০০-২৯৭০০/- বেতন স্কেলে প্রোগ্রামার-এর ১(এক)টি স্থায়ী পদ।

নির্ধারিত যোগ্যতা :-

- A good Bachelor's degree in Computer Science or in any allied branches of Engineering with minimum of 4 years experience as Assistant Programmer (2 years for Masters in Computer Science or Engg.). **OR**
- A good Master's degree in Physics/ Applied Physics/ Mathematics/ Statistics/ Commerce/ Economics/ Sociology/ Business Administration with special training in Computer Programming. He must have 4 years experience as Assistant Programmer.

২। ছাত্রকল্যাণ পরিদপ্তর

চঃ ১৫০০০-২৬২০০/- বেতন স্কেলে সহকারী পরিচালক-এর ১(এক)টি স্থায়ী পদ।

নির্ধারিত যোগ্যতা :-

প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণী/ বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হতে কমপক্ষে মাস্টার্স ডিগ্রীধারী অথবা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং প্রশাসনিক অফিসার বা সমমানের পদে অর্থাৎ ১ম শ্রেণীর পদে প্রশাসনিক কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং বিশ্ববিদ্যালয়/শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের অভিজ্ঞতাসম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। অথবা

* প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণী/ বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হতে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসাবে ১০ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম/ বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের কাজে অভিজ্ঞতাসম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

* বর্ণিত যোগ্যতা কেবলমাত্র BUET-এ বর্তমানে কর্মরত প্রার্থীদের জন্য প্রযোজ্য। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিলযোগ্য।

চলমান পাতা/২

(Public)

এনসি ইনস্ট্রাক্টর
প্রোগ্রামার

৩। রেজিস্ট্রার অফিস

৳ ১১০০০-২০৩৭০/- বেতন স্কেলে প্রশাসনিক অফিসার-এর ১(এক)টি অস্থায়ী পদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে)।

নির্ধারিত যোগ্যতা :-

সকল পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হতে স্নাতকোত্তর ডিগ্রী + কোনো প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে অফিসার পদে ১ বৎসরের অভিজ্ঞতা/ প্রধান সহকারী বা সমমান পদে কর্মরত এবং প্রশাসনিক কাজে উচ্চমান সহকারী বা সমমান বা তদূর্ধ পর্যায়ের পদে মোট ৮ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা

সকল পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী হতে হবে।

বিশেষ দ্রষ্টব্য :


১। বাংলা ও ইংরেজী ভাষায় ভাল লিখনী ক্ষমতাসহ কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং ও ডাটাবেস-এর কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।

২। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা স্নাতক প্রযোজ্য অথবা যে কোন ২টি স্তরে শ্রেণী/ বিভাগ শিথিলসহ স্নাতকোত্তর প্রযোজ্য।

দরখাস্ত দাখিলের শেষ তারিখ : ৯/১/২০১৩

এই বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার-এর অনুকূলে প্রদেয় ৳ ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার (ঢাকা মহানগরস্থ যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পিউটার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ এবং তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ রেজিস্ট্রার অফিসে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে (সকল অতীত ও বর্তমান চাকুরীর পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখ পূর্বক) রেজিস্ট্রার-এর বরাবরে আবেদনপত্র (শিক্ষক পদের ক্ষেত্রে ১৫ সেট ও কর্মকর্তা পদের ক্ষেত্রে ১০ সেট) দাখিল করিতে হইবে। প্রত্যেক সেটের সাথে সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়াল, ট্রান্সক্রিপ্ট ও মার্কশীট এবং অভিজ্ঞতার সার্টিফিকেট-এর সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।

বিদেশী ডিগ্রীধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদন পত্র প্রসেস করা হইবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম (REG-1/ REG-2)- ব্যক্তিগতভাবে অথবা প্রয়োজনীয় ডাকটিকেটসহ ঠিকানা সম্বন্ধিত খাম পাঠাইয়া এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার-এর অফিস হইতে সংগ্রহ করা যাইবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেওয়া হইবে না। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।



(প্রফেসর ডঃ আবু সিদ্দিক)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

নং সংস্থা/ব-৫৯/রে- ২৫৬৭ (৬০)

তারিখঃ ৭.১.১৩

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) :-

১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ।

২। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/ অফিস প্রধান/ হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ।

৩। পরিচালক, আই.আই.সি.টি, বাঃ প্রঃ বিঃ (Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।